দৈনিক খবর

তারিখ ... 05 APR 1990 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

৩৭

০৫

# সনাতন পদ্ধতির ১৯৮৮ সনের অনার্স পরীক্ষা সম্পর্কে

আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ কলেজসমূহের ১৯৮৫-৮৬ শিক্ষা বর্ষের সনাতন পদ্ধতির সম্মান শ্রেণীর ছাত্র/ ছাত্রীরা ১৯৮৭ সনের অনুষ্ঠিতব্য সাবসিডিয়ারী পরীক্ষায় উত্তীর্ণ হতে পারিনি। কিন্তু ১৯৮৮ সনে পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ আইন করেছেন যে, প্রথম বছর সাবসিডিয়ারী পাশ করতে না পারলে অনার্স এক বৎসর পরে পরীক্ষা দিতে হবে। কিন্তু ১৯৮৮ সনের অনার্স পরীক্ষা যা ১৯৯০ সনে অনুষ্ঠিত হবে। অনার্স কোর্স তিন বছরের। সাবসিডিয়ারী পরীক্ষা দেয়ার এক বৎসরে পরে অনার্স পরীক্ষায় অংশে গ্রহণ করার কথা। কিন্তু সেশন জটের কারণে ৮৮'র সাব সিডিয়ারী পরীক্ষা উত্তীর্ণ হওয়ার পরেও প্রায় দুই বছর সময় পাই অনার্স পরীক্ষার প্রস্তুতি নেয়ার জন্য। উক্ত সময়ের মধ্যে আমরা অনার্স পরীক্ষার পূর্ণ প্রস্তুতি নিতে পারি। কর্তৃপক্ষের আইনের কারণে যদি আরো এক বছর নষ্ট করতে হয় তবে অনার্স কোর্স শেষ করতে সময় লাগবে ৭ বছর। এত দীর্ঘ সময় অভিভাবকদের পক্ষে আমাদের ব্যয় বহন করা সম্ভব নয়। অতএব আমাদের মানবতার বিচারে বিগত বছরের ন্যায় ১৯৮৮ সনের সম্মান পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেয়ার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট অনুরোধ করছি।

মোঃ আহসান হাবিব
১০১/এ এরশাদ হল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়
কলেজ, ঢাকা।